

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
শিবালয়, মানিকগঞ্জ

নম্বর-৩১.৩০.৫৬৭৮.০০০.১৭.০০১.২০২৩- ১৩

০৫ মাঘ ১৪২৯  
১৯ জানুয়ারি ২০২৩

জলমহাল ইজারার বিজ্ঞপ্তি

“সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি” ২০০৯ অনুযায়ী শিবালয় উপজেলায় ২০ (বিশ) একর পর্যন্ত আয়তন বিশিষ্ট বদ্ধ জলমহাল ও খাস পুকুরসমূহ ১৪৩০ হতে ১৪৩২ বাংলা সন পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে ডুমি মন্ত্রণালয়, সায়রাড-১ অধিশাখার ১০ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২)-৩২ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সদস্য গণের নিকট হতে নির্ধারিত সময় সূচি, নিয়মাবলী/শর্তাবলী ও চেক লিষ্ট অনুসরণপূর্বক আবেদন আহবান করা যাচ্ছে।

“সময় সূচি”

অনলাইন আবেদন দাখিল	অনলাইন দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল
২০/০১/২০২৩ থেকে ০৮/০২/২০২৩	০৯/০২/২০২৩ থেকে ১২/০২/২০২৩ (অফিস চলাকালীন সময়ে)

“১৪৩০-১৪৩১ বঙ্গাব্দ সন মেয়াদে ইজারা যোগ্য জলমহালের তফসিল ও ইজারা মূল্য”

ক্রমিক নং	ইউনিয়নের নাম	পুকুরের নাম	মোজার নাম	খতিয়ান নং	‘দাগ নং(আর.এস)	পরিমাণ (একরে)	সরকারি ইজারা মূল্য	মন্তব্য
০১	উথুলী	শুকনাই খাস পুকুর	শুকনাই	০১	৮	১.১৫ একর	১,৯৯,৫০০/-	
০২	তেওতা	দক্ষিণ তেওতা পুকুর	দক্ষিণ তেওতা	০১	১০০৮	০.৫০ একর	১,০১,৪৩০/-	
০৩	আরোয়া	বাউলীকান্দা খাস পুকুর	বাউলীকান্দা	০১	৫৭৪	০.৩১ একর	৫৬,১৭৬/-	
০৪	শিমুলিয়া	বুতুনী পুকুর	বুতুনী	০১	৬০৩	০.৪৮ একর	১০,০০০/-	
০৫	মহাদেবপুর	ছোট টেপড়ী পুকুর	ছোট টেপড়ী	০১	১১৬	০.৭০ একর	১০,০০০/-	

“নিয়মাবলী”

- অনলাইন আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদক কে মন্ত্রণালয়ে ওয়েবসাইট অথবা [jm.lams.gov.bd](http://jm.lams.gov.bd) লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশনা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।
- যে সকল জলমহালের উপর উর্ধ্বতন কর্তৃপক্ষের/মন্ত্রণালয়ের স্বগিতাদেশ/সিদ্ধান্তের অপেক্ষায় অথবা কোন আদালতের স্বগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতবস্থার আদেশ রয়েছে সেসকল জলমহালের উপর বর্ণিত আদেশ প্রত্যাহারের পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া পরবর্তীতে কোন জলমহালের উপর অনুরূপ আদেশ হলে সংশ্লিষ্ট জলমহালের ইজারা কার্যক্রম স্থগিত থাকবে।
- জলমহালের ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি [www.shibaloy.manikganj.gov.bd](http://www.shibaloy.manikganj.gov.bd) ও [www.acl.shibaloy.manikganj.gov.bd](http://www.acl.shibaloy.manikganj.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।
- জলমহালের আবেদন দাখিলের সকল শর্তাদি উপজেলা ওয়েবপোর্টাল ও এ কার্যালয়ের নোটিশ বোর্ড হতে জানা যাবে।
- অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার মূলকপি সীলগালা বন্ধ খামে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে “জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন” কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।
- অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনে তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চূড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কোন আবেদনকারী সমিতি জলমহাল ইজারার জন্য ম্যানুয়ালী আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

  
(মোঃ জব্বারুর রহমান)  
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি  
শিবালয়, মানিকগঞ্জ